# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 05 May, 2025

চট্টগ্রাম নগরীর সদরঘাট থানা এলাকায় নির্মাণাধীন ভবনের নিচ থেকে পরিত্যক্ত ৬টি ‘বোমা’ উদ্ধার করেছে পুলিশ।তবে এগুলো সক্রিয় নাকি নিষ্ক্রিয় তা পরীক্ষা-নিরীক্ষার পর জানা যাবে-বলছে পুলিশ।

সোমবার (৫ মে) দুপুর একটার দিকে পূর্ব মাদারবাড়ি রাবেয়া ওয়ার্কশপ সংলগ্ন নির্মাণাধীন ভবনের নিচ থেকে বোমাগুলো উদ্ধার করা হয়।

পুলিশ জানিয়েছে, নির্মাণাধীন ভবনটির পাইলিংয়ের কাজ চলছিল।এ সময় মাটি তুলতে গিয়ে বোমাসদৃশ ৬টি বস্তু দেখতে পান নির্মাণশ্রমিকরা। স্থানীয়রা পুলিশকে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে যায়।

সদরঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রহিম বলেন, ‘আমরা দুপুর একটার দিকে খবর পেয়ে ঘটনাস্থলে যাই। এরপর নির্মাণাধীন ভবনের নিচে ৬টি বোমা দেখতে পাই। ঘটনাস্থলে পর্যাপ্ত পরিমাণ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত রয়েছেন।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘দেখে মনে হচ্ছে এগুলো বেশ পুরোনো। আমাদের বোম্প ডিস্পোজাল ইউনিটকে খবর দেওয়া হয়েছে। তারা বোমাগুলো পরীক্ষা-নিরীক্ষা করার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

বোমা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:29

URL: https://timestodaybd.com/chittagong/1979775807